যায়যায়দিন

পৃষ্ঠা ১ কলাম ২

৩৩

# রেজিস্ট্রেশন না করলে ইংলিশ স্কুল বন্ধ

যাদি রিপোর্ট

রজিস্ট্রেশনবিহীন সব ইংলিশ মিডিয়াম
লকে দ্রুত রেজিস্ট্রেশন করতে বাধ
রার জন্য সংশ্লিষ্ট অধিদফতরকে নির্দেশ
য়েছে শিক্ষা মন্ত্রণালয়। গতকাল
সামবার মন্ত্রণালয়ে অনুষ্ঠিত শিক্ষ
ন্ত্রণালয় এবং প্রাথমিক ও গণশিক্ষ
ন্ত্রণালয়ের উর্ধ্বতন কর্মকর্তাদের এব
ভায় এ নির্দেশ দেয়া হয়।

ক্ষা সচিব মোমতাজুল ইসলামের সভা-
তিত্বে অনুষ্ঠিত সভায় দেশের সাত শিক্ষ
বার্ডের চেয়ারম্যান, [illegible]

## রেজিস্ট্রেশন না করলে

(প্রথম পৃষ্ঠার পর)

মাউসির মহাপরিচালক, মাদ্রাসা বোর্ড চেয়ারম্যান, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের প্রতিনিধিসহ উর্ধ্বতন কর্মকর্তারা উপস্থিত ছিলেন।

সভা সূত্রে জানা গেছে, দেশের সব ইংলিশ মিডিয়াম স্কুলকে ইংলিশ মিডিয়াম বোর্ডের অধীনে আনার লক্ষ্যে ও একটি সুষ্ঠু বিধিমালায় পরিচালনার জন্য দ্রুত সব রেজিস্ট্রেশনবিহীন স্কুলকে রেজিস্ট্রেশন করানোর ব্যবস্থা করতে সংশ্লিষ্টদের নির্দেশ দেয়া হয়েছে।

সভায় উপস্থিত এক কর্মকর্তা জানান, সারা দেশে এখন কতো রেজিস্ট্রেশনবিহীন স্কুল আছে তার হিসাব কোথাও নেই। তাই আগে রেজিস্ট্রেশনবিহীন স্কুলগুলো চিহ্নিত করার উদ্যোগ নেয়া হবে।

রাজধানীর রেজিস্ট্রেশনবিহীন ইংলিশ মিডিয়াম স্কুলগুলোর বিরুদ্ধে অভিযান শুরু করেছে ঢাকা শিক্ষা বোর্ড। প্রয়োজনে স্কুলগুলো বন্ধ করে দিতে পারে বোর্ড কর্তৃপক্ষ। রেজিস্ট্রেশনবিহীন স্কুলের তালিকায় রাজধানীর বেশ কিছু নামিদামি স্কুল রয়েছে। ঢাকা শিক্ষা বোর্ড সূত্রে এ তথ্য জানা গেছে।

রাজধানীর নামিদামি যেসব স্কুলের বিরুদ্ধে অভিযানে নেমেছে বোর্ড তার মধ্যে আছে এশিয়ান ইউনিভার্সিটি ল্যাবরেটরি স্কুল, বিএএফ শাহীন ইংলিশ মিডিয়াম স্কুল, জুনিয়র ল্যাবরেটরি স্কুল, এসএফএক্স গ্রিন হেরাল্ড ইন্টারন্যাশনাল স্কুল।

এসব স্কুলের বিরুদ্ধে ব্যবস্থা নিতে স্কুলগুলোর বর্তমান পরিস্থিতি পর্যালোচনার জন্য বোর্ডের স্কুল শাখার উর্ধ্বতন কর্মকর্তাদের নিয়ে তিন সদস্যের একটি তদন্ত কমিটি গঠন করা হয়েছে। কমিটি ২০ আগস্ট থেকে কাজ শুরু করেছে। কাজ শুরুর ১৫ দিনের মধ্যে কমিটিকে পূর্ণাঙ্গ রিপোর্ট দিতে বলা হয়েছে।

ঢাকা শিক্ষা বোর্ডের স্কুল পরিদর্শক আতাউর রহমান খান যায়যায়দিনকে বলেছেন, রেজিস্ট্রেশনবিহীন ইংলিশ মিডিয়াম স্কুলগুলোর বিরুদ্ধে ব্যবস্থা নেয়া হচ্ছে। যেহেতু এসব স্কুল শিক্ষা মন্ত্রণালয় বা বোর্ডের কাছ থেকে প্রয়োজনীয় অনুমোদন নেয়নি তাই এ বিষয়ে গঠিত তদন্ত কমিটির রিপোর্ট পাওয়ার পরই এগুলোর বিরুদ্ধে ব্যবস্থা নেয়া হবে। বিষয়টি শিক্ষা মন্ত্রণালয়ের নজরে আনার পর রেজিস্ট্রেশনবিহীন সব স্কুল বন্ধ করে দেয়া হবে বলেও তিনি জানান।

মন্ত্রণালয় সূত্রে জানা যায়, প্রাইভেট স্কুল রেজিস্ট্রেশন অধ্যাদেশ-১৯৮৯ এবং বেসরকারি ইংলিশ মিডিয়াম স্কুল রেজিস্ট্রেশন-১৯৯৯ রেজুলেশন অনুযায়ী ২০০৪ সালে শিক্ষা মন্ত্রণালয় দেশের ৭০৬টি ইংলিশ মিডিয়াম স্কুলের মধ্যে রেজিস্ট্রেশনবিহীন ৩৬৭টি স্কুলকে রেজিস্ট্রেশনে বাধ্য করতে ঢাকা বোর্ডকে নির্দেশ দেয়। এরপর বোর্ড কর্তৃপক্ষ স্কুলগুলোকে চিহ্নিত করে বারবার রেজিস্ট্রেশনের জন্য তাগিদ দেয়। পত্রিকায় বিজ্ঞাপন দিয়েও রেজিস্ট্রেশন করার আহ্বান জানানো হয়। বেশ কয়েকবার রেজিস্ট্রেশন করার মেয়াদও বাড়ায় বোর্ড। কিন্তু এতো কিছুর পরও রাজধানীর ২৩টি ইংলিশ মিডিয়াম স্কুল এখনো তাদের রেজিস্ট্রেশন করেনি।

রেজিস্ট্রেশনবিহীন অন্যান্য স্কুলের মধ্যে রয়েছে বিলমন্ড ইন্টারন্যাশনাল স্কুল, ব্লুমিং ফ্লাওয়ার, ব্লোজম ইন্টারন্যাশনাল স্কুল, কসমিক ইন্টারন্যাশনাল স্কুল, ইস্টওয়েস্ট ইন্টারন্যাশনাল স্কুল, এলিমেন্টারি ইন্টারন্যাশনাল স্কুল, ইউরো ইন্টারন্যাশনাল, এভারগ্রিন, হার্ভার্ড এলিমেন্টারি, হিড ইন্টারন্যাশনাল, হেরিটেজ ইন্টারন্যাশনাল, এলএসই ইন্টারন্যাশনাল, মেপ্লওয়েল ইন্টারন্যাশনাল, নিউ রিডল্যান্ড, ওক্সব্রিজ, স্যালভেশন ইন্টারন্যাশনাল স্কুল অ্যান্ড কলেজ, সেন্ট স্টিফেনস, সানব্রিজ এবং দি বৃটিশ স্কুল।